

আলম খোরশেদ

অনুবাদসমগ্র

প্রথম খণ্ড : ছোটোগল্প

কথাপ্রকাশ

KATHAPROKASH

উৎসর্গ

বর্তমান বাংলাভাষার শক্তিমান ও সতত সৃজনমুখর  
সাহিত্যব্যক্তিত্ব হাসনাত আবদুল হাই  
শ্রদ্ধাস্পদেষু

## ভূমিকা

বিশ্বসাহিত্যের নির্বাচিত ছোটগল্প বাংলায় অনুবাদ করতে শুরু করি আমি একেবারে ছাত্রাবস্থাতেই। প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের শেষবর্ষের ছাত্র থাকাকালীন, সম্ভবত ১৯৮২ সালে, কী ভেবে যেন চিনুয়া আচেবের একটি ছোটগল্প *The Sacrifice* বাংলায় অনুবাদ করি নৈবেদ্য নামে, যা পরে দৈনিক সংবাদের বৃহস্পতিবারের সাহিত্যপাতায় প্রকাশিত হয়। সেই হিসাবে আমার গল্পানুবাদকর্মের বয়স চল্লিশ বছরেরও বেশি। তো, আমার সেই তরজমা-তৎপরতার সংবাদে উৎফুল্ল ও উদ্বুদ্ধ হয়ে তৎকালীন সাহিত্যপাতার সম্পাদকেরা আমার কাছ থেকে এরপর গল্পের অনুবাদ চাইতে শুরু করেন। এবং আমিও তাঁদের অনুরোধের টেকি গিলে একের পর এক বিশ্বসাহিত্যের নামজাদা লেখকদের গল্প নিয়মিতভাবে অনুবাদ করে যেতে থাকি। তাঁদের মধ্যে এই মুহূর্তে মনে পড়ছে হোর্হে লুইস বোর্হেস, গাব্রিয়েল গার্সিয়া মার্কেস, নাদিন গর্ডিমার, হেরমান হেস, লু শুন, খলিল জিবরান, ডি. এইচ. লরেন্স, গ্রাহাম গ্রিন, আল্‌ই হুব-গ্রিয় প্রমুখের কথা। এই গল্পগুলো তখন ছাপা হতো মূলত দৈনিক বাংলা, দৈনিক ইত্তেফাক, দৈনিক সংবাদ, সাপ্তাহিক বিচিত্রা, সাপ্তাহিক সন্ধানী, গল্প-পত্রিকা রূপম এবং আরও কিছু খ্যাত-অখ্যাত লিটল ম্যাগাজিনে।

১৯৮৭ সালের একেবারে শেষদিকে দেশত্যাগ করার আগপর্যন্ত এই ধারা অব্যাহত থাকে। উচ্চশিক্ষার্থে মার্কিন যুক্তরাষ্ট্রে পাড়ি দেওয়ার পর আমার গল্পানুবাদকর্মের পালে যেন জোর হাওয়া লাগে। ১৯৯১ সালেই আমার

সম্পাদনায় প্রকাশিত হয় বাংলাভাষার সম্ভবত প্রথম লাতিন আমেরিকান গল্পের প্রতিনিধিত্বমূলক সংকলন *জাদুবাস্তবতার গাথা*। এতে আমার নিজের অনুবাদে সুবিখ্যাত মারিও বার্গাস যোসার একটি গল্পের অনুবাদ স্থান পায়। এর কয়েক বছর পর *দ্বাদশ কাহিনি* নামে আমি আরও একটি আন্তর্জাতিক গল্পসংকলন সম্পাদনা করি, যার বৈশিষ্ট্য ছিল কেবল জীবিত এবং সক্রিয়, সমকালীন সাহিত্যিকদের অন্তর্ভুক্তি। এঁদের মধ্যে উল্লেখযোগ্য নাগিব মাহফুজ, নগুগি ওয়া থিয়োক্স'ও, মিলান কুন্ডেরা, কামিলো হোসে সেলা, হারলকি মুরাকামি, লেসলি মরমোন সিন্কে, গ্যুন্টার গ্রাস, জর্জে আমাদু, সালমান রুশদি, মার্গারেট অ্যাটউড। পাশাপাশি নিজের অনুবাদও চলছিল সমানতালে। সেই সব গল্প নিয়ে গোটা দুই গ্রন্থও প্রকাশিত হয়েছিল নয়ের দশকের মাঝামাঝি নাগাদ, যার একটি ছিল বিশ্ব নারীবাদী গল্পসংকলন *মানবী মঙ্গল* এবং অপরটি *বোর্হেস, নাগিব, চিনুয়া, মার্কেস ও অন্যান্যের গল্প* নামে একটি সমকালীন বিশ্বগল্প সংগ্রহ।

২০০৪ সালে স্থায়ীভাবে দেশে ফিরে আসার পর আরও একটি গল্পসংকলন প্রকাশিত হয়েছিল *দক্ষিণী ও লাতিন আমেরিকার অন্যান্য গল্প* শিরোনামে। এছাড়া নিয়ম করেই দেশের কয়েকটি বিখ্যাত দৈনিকের সাহিত্যসাময়িকী ও ইন্ডস্ট্রিয়ার পাশাপাশি বেশকিছু সাহিত্যপত্রিকা ও আন্তর্জাল প্রকাশনার জন্যও গল্প অনুবাদ করতে হয়েছে; কিছুটা সম্পাদকদের ফরমায়েশে আর কিছুটা স্বপ্রণোদনায়। এই করে এতদিনে অর্ধশত গল্প জমা হয়ে যায় আমার তর্জমা-ঝোলায়। এই গল্পগুলো নিয়ে একটি অনুবাদ গল্পসমগ্র করে ফেলার পরামর্শ দিয়েছিলেন আমার বন্ধু ও পরমাত্মীয় কবি, সাংবাদিক মিনার মনসুর এবং আরও কেউ-কেউ। আমি নিজেও যে সে রকমটি ভাবিনি তা নয়, কিন্তু নানাবিধ অনতিক্রম্য বিঘ্ন ও ব্যস্ততায় তা আর হয়ে ওঠেনি। কিন্তু আমার একান্ত অনুরাগী এবং একাধিক বইয়ের প্রকাশক, দেশের খ্যাতনামা প্রকাশনা সংস্থা *কথাপ্রকাশ*-এর প্রবল উদ্যমী কর্ণধার জনাব জসিম উদ্দিন স্বয়ং যখন আমার অনুবাদসমগ্র প্রকাশের জন্য আগ্রহ ব্যক্ত করলেন, তখন তাঁকে আর এড়ানো সম্ভব হয়নি আমার পক্ষে।

অতঃপর বিভিন্ন জায়গায় ছড়িয়ে-ছিটিয়ে থাকা আমার অনূদিত মোট অর্ধশত গল্প জোগাড় করে তাঁর প্রস্তাবিত অনুবাদসমগ্রের প্রথম খণ্ডটি প্রস্তুত করে দেওয়া গেল শেষপর্যন্ত। বিশ্বের ছয়টি মহাদেশের উনত্রিশটি দেশের

মোট পঁয়তাল্লিশজন গুরুত্বপূর্ণ লেখকের পঞ্চাশটি গল্প দিয়ে সাজানো হলো এই সংকলনখানি, যেখানে নয় নয় করেও মোট নয়জন নোবেলবিজয়ীও রয়েছেন। আগেই বলেছি, এই গল্পগুলো নির্দিষ্ট কোনো পরিকল্পনামতো অনুবাদ করা হয়নি গোড়া থেকেই, ফলত এদের মধ্যে সুস্পষ্ট কোনো চারিত্রবৈশিষ্ট্য কিংবা বিষয়ভাবনার ঐক্য না থাকাটাই স্বাভাবিক। তবু গ্রন্থভুক্ত করার সময় গল্পগুলোকে তিনটি উপবিভাগে বিন্যস্ত করার প্রয়াস পেয়েছি : লাতিন আমেরিকার গল্প, নারীবিশ্বের গল্প এবং বাকি পৃথিবীর গল্প, এই শিরোনামত্রয়ীতে। আশাকরি এতে গল্পের পাঠক্রম কিংবা অধাধিকার নির্ধারণে পাঠকের কিছুটা হলেও সুবিধা হবে। তবে একটি কথা না বললেই নয় যে, গ্রন্থভুক্ত গল্পসমূহ দীর্ঘ চার দশকের কালসীমাজুড়ে অনূদিত বিধায় ভাষাপ্রয়োগ ও বানানরীতিতে কিঞ্চিৎ অসামঞ্জস্য পরিলক্ষিত হতে পারে। এছাড়া নানা কারণে বিশেষত বহুপূর্বে অনূদিত গল্পগুলোর লেখকপরিচিতির তথ্যাবলিও সম্পূর্ণ ও যথাযথভাবে হালনাগাদ করা যায়নি। আশাকরি আমার এই অনিচ্ছুক অপারগতটুকু সংবেদী পাঠকের সস্নেহ মার্জনা পাবে।

এই গ্রন্থটির হয়ে ওঠার পেছনে শুরু থেকে শেষ পর্যন্ত বহু মানুষের উৎসাহ, ভালোবাসা, শ্রম ও শুভকামনার মূল্যবান ভূমিকা রয়েছে। প্রত্যেকের নাম আলাদাভাবে উল্লেখ করা কর্তব্য হলেও, সঙ্গত কারণেই তা সম্ভব হলো না এখানে। তাঁদের সবার জন্য রইল আমার অশেষ কৃতজ্ঞতা ও অকৃত্রিম ভালোবাসা। সবশেষে, এই সমগ্র-গ্রন্থটি প্রকাশের মাধ্যমে যদি আমাদের বিকাশমান মননশীল পাঠকশ্রেণির বিশ্বসাহিত্যের প্রতি তৃষ্ণা ও আগ্রহের কিছুটা হলেও নিবৃত্তি ঘটানো সম্ভব হয়, তা হলেই আমাদের লেখক-প্রকাশকের এই যৌথপ্রয়াসটুকু সার্থক হয়েছে বলে মনে করব।

শুভ পাঠ।

আলম খোরশেদ

অমরাবতী, চট্টগ্রাম

ফেব্রুয়ারি ২০২৫

## সূচি

### লাতিন আমেরিকার গল্প

মৃতজন ॥ ওরাসিও কিরোগা (উরুগুয়াই)	১৭
দক্ষিণী ॥ হোর্হে লুইস বোর্হেস (আর্হেস্তিনা)	২২
বালিপুস্তক ॥ হোর্হে লুইস বোর্হেস (আর্হেস্তিনা)	৩২
অমরজাতি ॥ হোর্হে লুইস বোর্হেস (আর্হেস্তিনা)	৩৯
ইবন-হাকাম আল-বোখারি, নিজেই গোলকধাঁপায় নিহত ॥ হোর্হে লুইস বোর্হেস (আর্হেস্তিনা)	৬১
গুরুত্ব ॥ মানুয়েল মুহিকা লাইনেস (আর্হেস্তিনা)	৭৫
আমাকে যে বাঁচাতে এসেছিল ॥ বির্হিলিও পিনিয়েরা (কুবা)	৭৯
নীল তোড়া ॥ ওজ্জাবিও পাস (মেহিকো)	৮৬
অজ্ঞাত ॥ আউগুস্তো রোয়া বাস্তোস (পারাগুয়াই)	৯১
আমি আমার স্বপ্ন ফেরি করি ॥ গাব্রিয়েল গার্সিয়া মার্কেস (কোলোম্বিয়া)	১০৪
হাড্‌গিলেদের রাত ॥ গাব্রিয়েল গার্সিয়া মার্কেস (কোলোম্বিয়া)	১১৪
তিনজন নিশি-পাওয়া মানুষের তিজতা ॥ গাব্রিয়েল গার্সিয়া মার্কেস (কোলোম্বিয়া)	১২০
অতিথি ॥ মারিও বার্গাস যোসা (পেরু)	১২৩
তোতাপাখির পুনর্জন্মের গল্প ॥ এদুয়ার্দো গালেয়ানো (উরুগুয়াই)	১৩৪
ডিসেম্বরগুলো ॥ মার্সেলো মউচিনিও (ব্রাজিল)	১৩৭

### নারীবিশ্বের গল্প

সূর্যগ্রহণ ॥ সেলমা লাগের্লফ (সুইডেন)	১৪৯
সুষমা ॥ গ্রাৎসিয়া দেলিদ্দা (ইতালি)	১৫৫
রাজা খরগোশ, রানি খরগোশ ॥ ভার্জিনিয়া উল্ফ (যুক্তরাজ্য)	১৬৩
মাংসবিষয়ে জার্মান জাতি ॥ ক্যাথরিন ম্যাগ্নফিল্ড (নিউজিল্যান্ড)	১৭৫
কুটাভাস ॥ নাতালি সারোত (ফ্রান্স)	১৮১
নভোচারীর স্ত্রী ॥ কে বয়েল (যুক্তরাষ্ট্র)	১৮৪

খবর ॥ দিং লিং (চিন)	১৯১
সামান্য এক স্বামীর জন্য ॥ ইসমত চুঘতাই (ভারত)	২০০
মুরগি ॥ ক্লারিস লিম্পেক্তোর (ব্রাজিল)	২১৪
মিলনক্ষেত্র ॥ নাদিন গর্ডিয়ার (দক্ষিণ আফ্রিকা)	২১৯
চাঁদের কোমলতার উদ্দেশে একটি নভোতরী ॥ লায়লা বালাবাকি (লেবানন)	২২৪
বৃক্ষের আড়ালে সূর্য ॥ ইরিনা রাক্শা (রাশিয়া)	২৩৩
জজসাহেবের বউ ॥ ইসাবেল আইয়েন্দে (চিলে)	২৩৯
ফিরে পাওয়ার কাহিনি ॥ আমা আতা আইদু (ঘানা)	২৫১
পরমাত্মীয় ॥ অ্যালিস ওয়াকার (যুক্তরাষ্ট্র)	২৬১
<b>বাকি পৃথিবীর গল্প</b>	
কবি ॥ হেরমান হেস (জার্মানি)	২৮১
একজন উন্মাদের ডায়েরি ॥ লু শুন (চিন)	২৯০
গরলামৃত ॥ খলিল জিবরান (লেবানন/যুক্তরাষ্ট্র)	৩০৪
গোলাপের নিচে সূর্যাস্ত ॥ ডি. এইচ. লরেন্স (যুক্তরাজ্য)	৩০৯
আদিবাসী শিবিরে ॥ আর্নেস্ট হেমিংওয়ে (যুক্তরাষ্ট্র)	৩১৯
প্রাতরাশ ॥ জন স্টাইনবেক (যুক্তরাষ্ট্র)	৩২৬
রাস্তার মানুষটি ॥ জর্জ সিমন্স (বেলজিয়াম)	৩৩১
তিনজন অদৃশ্য জাপানি ভদ্রলোক ॥ গ্রাহাম গ্রিন (যুক্তরাজ্য)	৩৫৩
টুপিওয়ালি ॥ আন্তোনিও দেল্ফিনি (ইতালি)	৩৬০
বেপাড়ার মসজিদ ॥ নাগিব মাহফুজ (মিশর)	৩৭০
কৃষ্ণযিগু ॥ জন হেনরিক ক্লার্ক (যুক্তরাষ্ট্র)	৩৮২
গুমঘর ॥ আল্টেই হুব-গ্রিয় (ফ্রান্স)	৩৯২
নৈবেদ্য ॥ চিনুয়া আচেবে (নাইজেরিয়া)	৩৯৯
দুই নারী ॥ আমোস ওজ (ইসরায়েল)	৪০৪
ব্যবচ্ছেদ ॥ পিটার নাদাস (হাঙ্গেরি)	৪১৩
দেশান্তরী : ড. হেনরি সেলউইন ॥ ডব্লিউ. জি. সেবাল্ড (জার্মানি)	৪২২
পরেরবার, রুবেন ॥ অলিভার ফ্রিজিয়েরি (মাল্টা)	৪৪২
ওই যায় ভালজার ॥ লাসলো ক্রাসনাহোরকাই (হাঙ্গেরি)	৪৫১
সড়ক-শব ॥ রমেশ গুনেসেকেরা (শ্রীলঙ্কা)	৪৫৮
তিনটি অণুগল্প ॥ ডেভ এগার্স (যুক্তরাষ্ট্র)	৪৭৩

মৃতজন ॥ ওরাসিও কিরোগা (উরুগুয়াই)	১৭
দক্ষিণী ॥ হোর্হে লুইস বোর্হেস (আর্হেস্তিনা)	২২
বালিপুস্তক ॥ হোর্হে লুইস বোর্হেস (আর্হেস্তিনা)	৩২
অমরজাতি ॥ হোর্হে লুইস বোর্হেস (আর্হেস্তিনা)	৩৯
ইবন্-হাকাম আল-বোখারি, নিজেই গোলকধাঁধায় নিহত ॥ হোর্হে লুইস বোর্হেস (আর্হেস্তিনা)	৬১
গুরুত্ব ॥ মানুয়েল মুহিকা লাইনেস (আর্হেস্তিনা)	৭৫
আমাকে যে বাঁচাতে এসেছিল ॥ বির্হিলিও পিনিয়েরা (কুবা)	৭৯
নীল তোড়া ॥ ওজ্জাবিও পাস (মেহিকো)	৮৬
অজাত ॥ আউগুস্তো রোয়া বাস্তোস (পারাগুয়াই)	৯১
আমি আমার স্বপ্ন ফেরি করি ॥ গাব্রিয়েল গার্সিয়া মার্কেস (কোলোম্বিয়া)	১০৪
হাড়গিলেদের রাত ॥ গাব্রিয়েল গার্সিয়া মার্কেস (কোলোম্বিয়া)	১১৪
তিনজন নিশি-পাওয়া মানুষের তিজতা ॥ গাব্রিয়েল গার্সিয়া মার্কেস (কোলোম্বিয়া)	১২০
অতিথি ॥ মারিও বার্গাস য়োসা (পেরু)	১২৩
তোতাপাখির পুনর্জন্মের গল্প ॥ এদুয়ার্দো গালেয়ানো (উরুগুয়াই)	১৩৪
ডিসেম্বরগুলো ॥ মার্सेলো মউচিনিও (ব্রাজিল)	১৩৭